জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

স্মারক নং-১০(২২৫)/জাতীঃ/বিঃ/রেজিঃ/একাঃ/২০১৮/অংশ-২/৩৫১১ তারিখ: ২৩/০৪/২০২৬

# ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) নিয়মিত ও প্রাইভেট কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন কার্ড ইস্যু সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

**রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড লিংক: www.nu.ac.bd/admissions/regicard**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) নিয়মিত ও প্রাইভেট কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশন কার্ড ২৭ এপ্রিল ২০২৬ তারিখ বিকাল ৪টা থেকে ইস্যু করা হবে। সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ নিম্নোক্ত করণীয় ও সময়সূচি অনুসরণ করে ইস্যুকৃত রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করতে পারবেন।

ক) রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করার নিয়মাবলী:

| ক্রমিক | করণীয় | তারিখ |
|---|---|---|
| ১। | অনলাইনে ইস্যুকৃত রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করে প্রিন্ট নেয়ার তারিখ:<br>২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) নিয়মিত ও প্রাইভেট কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করতে সংশ্লিষ্ট কলেজসমূহকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions/regicard) লিঙ্কে যেতে হবে। পরবর্তীতে **College Login** অপশনে গিয়ে (ক্রমিক-২ এর নির্দেশনা অনুযায়ী প্রাপ্ত) **User ID** ও **Password** ব্যবহার করে রেজিস্ট্রেশন কার্ড **Download** করে প্রিন্ট নিতে হবে। কলেজ কর্তৃপক্ষকে রেজিস্ট্রেশন কার্ডের প্রিন্ট কপিতে প্রদর্শিত সকল তথ্য ও ছবি মিলিয়ে দেখতে হবে। সকল তথ্য ও ছবি সঠিক থাকলে রেজিস্ট্রেশন কার্ডে শিক্ষার্থী এবং কলেজ অধ্যক্ষ নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করবেন। এছাড়াও শিক্ষার্থীর ছবির উপর সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ স্বাক্ষর ও সিল প্রদান করবেন। এখানে উল্লেখ্য যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) নিয়মিত ও প্রাইভেট কোর্সে ভর্তিকৃত কোন শিক্ষার্থী নিজ ছবি ব্যতীত অন্য কোন ছবি দিয়ে আবেদন ফরম পূরণ করে থাকলে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন কার্ডে ছবি পরিবর্তনের আবেদন গ্রহণযোগ্য হবে না। | ২৭/০৪/২০২৬ থেকে ১০/০৬/২০২৬ |
| ২। | পাসওয়ার্ড সংক্রান্ত নির্দেশাবলী:<br>যে সকল কলেজ রেজিস্ট্রেশন কার্ড **Download** করার জন্য **Password** সংগ্রহ করে নাই তাদেরকে কলেজ কোড, কলেজের নাম, ঠিকানা, ফোন/মোবাইল নম্বর ও সঠিক ই-মেইল এ্যাড্রেসসহ ডিন দপ্তরের অফিসিয়াল ই-মেইল (**degpassnu@gmail.com**) এ আবেদন পত্র প্রেরণ করতে হবে। পরবর্তীতে সংশ্লিষ্ট কলেজের ই-মেইলে **User ID, Password** প্রেরণ করা হবে। উল্লেখ্য যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) নিয়মিত ও প্রাইভেট কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করার জন্য সংশ্লিষ্ট কলেজসমূহে যে **User ID** ও **Password** দেয়া হয়েছে তা বহাল থাকবে। | |
| ৩। | উল্লেখ্য যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে বা তৎপূর্বে ১ম বর্ষ স্নাতক (পাস) নিয়মিত ও প্রাইভেট ভর্তি কার্যক্রমে কোন ফি বকেয়া থাকলে সংশ্লিষ্ট কলেজে রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না। | |

বিঃ দ্রঃ ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে ইস্যুকৃত রেজিস্ট্রেশন কার্ডে শিক্ষার্থীর নিজের নাম/পিতা-মাতার নামে কোন ভুল থাকলে কার্ড ইস্যুর পরবর্তী এক মাসের মধ্যে তা সংশোধনের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে হবে।

২৩.০৪.২০২৬
(ড. মো. আশেক কবির চৌধুরী)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ

স্মারক নং-১০(২২৫)/জাতীঃ/বিঃ/রেজিঃ/একাঃ/২০১৮/অংশ-২/৩৫১১ তারিখ: ২৩/০৪/২০২৬

অবগতির জন্য অনুলিপি দেয়া হলোঃ
১। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-১, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-২, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭। অফিস কপি।

স্বা/-
(মোঃ আবু কাওসার)
উপ-রেজিস্ট্রার
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
ফোন : ০২-৯৯৬৬৯১৫৬৮
ই-মেইল: degpassnu@gmail.com